# দিনাজপুর জুবিলী উচ্চ বিদ্যালয়

## অনলাইন অর্ধ-বার্ষিকী পরীক্ষা-২০২০

শ্রেণি ঃ ষষ্ঠ

বিষয় ঃ বাংলাদেশ ও বিশ্ব পরিচয়(সৃজনশীল)

সময়-২ঘন্টা ৩০মিনিট পূর্ণমান-৭০

**[বি.দ্র.-সৃজনশীল ১১টি প্রশ্নের উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড়. পর্যবেক্ষণ কর এবং যে কোন ৭টি প্রশ্নের উত্তর দাও । প্রতিটি প্রশ্নের মান সমান এবং ডান পার্শ্বস্থ পূর্ণমান জ্ঞাপক ।]**

**১। করিম তার পুত্র কাদেরকে বাংলাদেশের ইতিহাস বলতে গিয়ে ১৯৪৭ এ দেশ ভাগের পর অনেক ঘটনার মধ্য দিয়ে ১৯৭১ সালের ২৫শে মার্চ এবং ১৬ই ডিসেম্বর এর বিভিন্ন ঘটনা উল্লেখ করে চূড়ান্ত বিজয়ের আনন্দঘন পরিবেশের কথা বলেন।**

ক) ভারতের অবস্থান পাকিস্তানের কোথায় ছিল? ১

খ) বাঙালিদের বীরেত্বের জাতি বলা হয় কেন? ২

গ) উদ্দীপকে উল্লেখিত ২৫শে মার্চ রাতে কালোরাত্রির গণহত্যার ঘটনার বিবরণ দাও। ৩

ঘ) ১৯৭১ সালে আমাদের চূড়ান্ত বিজয়ের বিবরণ দাও। ৪

**২। আবেদ একদিন তার শিক্ষকের কাছে জানতে পারে এক সময় এই বাংলায় কিছু বহিরাগত চাকরি করতে এসে বিভিন্নভাবে নিজেদের ক্ষমতা বাড়িয়ে তারা ক্ষমতায় আসে। তারা দীর্ঘ দিন যাবত এই বাংলায় রাজত্ব প্রতিষ্ঠা করে এবং শাসনকার্য চালায়।**

ক) প্রাচীনকালে বৌদ্ধ বিহারের শিক্ষকদের কি বলা হত? ১

খ) "পাল স্কুল অব স্কালচারাল আর্ট" সম্পর্কে ব্যাখ্যা দাও। ২

গ) উদ্দীপকে কোন যুগের শাসনের কথা বলা হয়েছে? সাহিত্য ক্ষেত্রে উক্ত শাসনামলে রাজার ভূমিকা কি ছিল ব্যাখ্যা কর। ৩

ঘ) "প্রাচীন বাংলার শিক্ষা ব্যবস্থা গর্ববোধ করার মত ছিল"-বিশ্লেষণ কর। ৪

**৩। সীমা জাদুঘরে গিয়ে অনেক কিছু দেখে মুগ্ধ হয়। বিশেষ করে প্রাচীনকালের বিভিন্ন রাজার সময়কার মুদ্রা, অঙ্কন, তৈজসপত্র, দেব-দেবীর মুর্তি, পোড়ামাটির কিছু ফলক সুন্দরভাবে সংরক্ষণ দেখে অবাক হয়।**

ক) কাকে গৌড়ের প্রথম শাসক বলা হয়? ১

খ) প্রাচীন বাংলার অর্থনীতির প্রধান শক্তি কৃষিকে বলা হয় কেন? ২

গ) উদ্দীপকে সীমার দেখা ফলকগুলো কোন যুগের নিদর্শন? বর্ণনা কর। ৩

ঘ) উদ্দীপকে সীমার দেখা ফলকগুলোতে তখনকার শাসনামলেরর কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে? বিশ্লেষণ কর। ৪

**৪। আতিক ইতিহাস বই পড়ে একটি নগর সভ্যতা সম্পর্কে জানতে পারে। নগর সভ্যতাটি ছিল মিশরীয় ও মেসোপটেমীয় সভ্যতার সমসাময়িক। নগর সভ্যতাটি ভারত উপমহাদেশের সিন্ধু, সরস্বতী, হাকরা ইত্যাদি নদ-নদীর উপত্যকায় গড়ে উঠেছিল।**

ক) সিন্ধু সভ্যতার অন্য নাম কি? ১

খ) মিশরীয়রা কি কারণে পিরামিড তৈরি করত? ২

গ) উদ্দীপকে যে সভ্যতার কথা বলা হয়েছে তার ব্যাখ্যা দাও। ৩

ঘ) "উদ্দীপকে উল্লেখিত সভ্যতাটি পরিকল্পিতভাবে তৈরি হয়েছিল"-তুমি কি একমত? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

**৫। জয়নাল টেলিভিশনে একটি প্রামাণ্য চিত্র দেখছিল। চিত্রটিতে দেখানো হচ্ছে একটি সভ্যতার মানুষ তাদের রাজাদের মৃতদেহ অত্যন্ত যত্ন সহকারে সংরক্ষণ করছে। মৃতদেহ সংরক্ষণ করতে গিয়ে তারা তৈরি করে ফেলল পাথরের তৈরি আকাশচুম্বী বিশালাকার সমাধি সৌধ, যা তাদের আশ্চর্য প্রতিভার পরিচয় বহন করে।**

ক) হায়ারোগ্লিফিক কী? ১

খ) "প্রাচীন পুন্ড্রনগর ছিল একটি সমৃদ্ধ নগর"- ব্যাখ্যা কর। ২

গ) জয়নালের দেখা বিষয়বস্তুটি কোন সভ্যতাকে নির্দেশ করছে? বিবরণ দাও। ৩

ঘ) সভ্যতা বিকাশে উক্ত সভ্যতার অবদান বিশ্লেষণ কর। ৪

**৬। সভ্যতার ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ নাম হচ্ছে সম্রাট প্রথম দানিয়ুস। সাম্রাজ্যের বিস্তারে তার অনেক অবদান। সাম্রাজ্য ঠিকমত পরিচালনার জন্য তিনি গোটা সাম্রাজ্যকে ২১টি প্রদেশে ভাগ করেন এবং কিছু নতুন ব্যবস্থা গ্রহণ করেন।**

ক) মিশরীয় সভ্যতা কোন নদীর তীরে গড়ে উঠেছিল? ১

খ) পাল রাজত্ব কীভাবে গড়ে উঠেছিল? ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে উল্লিখিত সম্রাট কোন সভ্যতার ইতিহাসের সাথে সংশ্লিষ্ট? ব্যাখ্যা কর। ৩

ঘ) সভ্যতার অগ্রযাত্রায় উদ্দীপকে উল্লেখিত সভ্যতার অবদান বিশ্লেষণ কর। ৪

**৭। বাসেদ এর মামা জনাব শফিক কানাডায় স্থায়িভাবে বসবাস করেন। অবসরে তিনি বিশ্বের বিভিন্ন দেশ ঘুরতে পছন্দ করেন। বাংলাদেশে আসলে তিনি বাসেদ এর সঙ্গে ভ্রমণ নিয়ে অনেক গল্প করেন। তিনি বাসেদকে পৃথিবীর বৃহত্তম মহাদেশ সম্পর্কে বিভিন্ন তথ্য দিলেন। যেখানে বিশ্বের মোট জনসংখ্যার ষাট ভাগের বেশি মানুষ বাস করে। মহাদেশটির মোট এলাকা পৃথিবীর মোট ভূভাগের তিন ভাগের এক ভাগ। মহাদেশটি কৃষিক্ষেত্রে অনেক অগ্রসর যা অর্থনীতিকে অনেক সমৃদ্ধ করেছে।**

ক) পৃথিবীর মহাদেশ কয়টি? ১

খ) এশিয়া মহাদেশের অবস্থান বর্ণনা কর। ২

গ) শফিক সাহেবের উল্লিখিত মহাদেশটির জন্যসংখ্যার বন্টন-ব্যাখ্যা কর। ৩

ঘ) "মহাদেশটি কৃষিক্ষেত্রে অনেক অগ্রসর" তুমি কি এ উক্তির সাথে একমত? বিশ্লেষণ কর। ৪

**৮। শিক্ষক বিশ্ব ভৌগোলিক পরিমন্ডলে বাংলাদেশ অধ্যায়টি পড়াতে গিয়ে বলেন, প্রধান প্রধান ধর্মগুলোর উদ্ভব হয়েছে এশিয়া মহাদেশে। শিল্পেও সমৃদ্ধ মহাদেশটি। সারা বিশ্ব এ অঞ্চলের তেলের উপর নির্ভরশীল।**

ক) বৃহত্তম মহাদেশ কোনটি? ১

খ) জেরুজালেম শহরটি বিখ্যাত কেন? ২

গ) "এশিয়া মহাদেশের অর্থনৈতিক অবস্থা ভালো।"-কথাটি ব্যাখ্যা কর। ৩

ঘ) "সারা বিশ্ব এ অঞ্চলের তেলের ওপর নির্ভরশীল।"-কথাটি মূল্যায়ণ কর। ৪

**৯। শিলা ও সীমা শ্রেণিতে পৃথিবীর নানান দিক নিয়ে আলোচনা করছিল। শিলা বলল, পৃথিবীর আয়তনের মাত্র ২৯ ভাগ হচ্ছে স্থলভাগ। সীমা বলল, স্থলভাগ কয়েকটি অংশে বিভক্ত। এর সবচেয়ে বড় অংশে আমাদের দেশের অবস্থান।**

ক) এশিয়া মহাদেশে কতটি দেশ রয়েছে? ১

খ) পৃথিবীর অধিকাংশ দেশই তেলের জন্য এশিয়ার উপর নির্ভরশীল কেন? ২

গ) সীমা স্থলভাগের বড় অংশ বলতে কোনটিকে বুঝিয়েছেন? এর পরিচয় দাও। ৩

ঘ) শিলা ও সীমা যে বিষয় সম্বন্ধে আলোচনা করছিল তার ভৌগোলিক পরিচয় দাও। ৪

**১০। বাইরে প্রচুর বৃষ্টিপাত। সোমার মন ভাল নেই। সে খেলতে যেতে পারছে না। ঘরে সে ডিসকভারি চ্যানেলে সুইজারল্যান্ড সম্পর্কে একটি ডকুমেন্টারি প্রোগ্রাম দেখছিল। তাতে সোমা জানতে পারে, দেশটি শীতপ্রধান দেশ। দেশটির মোট জনসংখ্যা অনুযায়ী প্রতি বর্গ কিলোমিটারে ২১০ জন লোক বাস করে।**

ক) স্থানান্তর কী? ১

খ) "দারিদ্র্য মৃত্যুহার বৃদ্ধির অন্যতম কারণ"-ব্যাখ্যা কর। ২

গ) উদ্দীপকে উল্লিখিত দেশটিতে জনসংখ্যা কম হওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ) তুমি কি মনে কর উক্ত দেশের সাথে তোমার দেশের মানুষের জীবনযাত্রার মানের ব্যাপক পার্থক্য রয়েছে? মতামত দাও।৪

**১১। মামুন ১৫ বছর পর গ্রামে ফিরে দেখল তার গ্রামের বেশিরভাগ মানুষ দেশের বাইরে থাকে। এক সময় গ্রামের বেকারের সংখ্যা বেশি ছিল। বর্তমানে এর সংখ্যা কমে গেছে। আবার গ্রামের উন্নতিও হয়েছে।**

ক) জনসংখ্যার দিক দিয়ে বাংলাদেশ বিশ্বের কততম? ১

খ) প্রাকৃতিক দুর্যোগ দুর্ঘটনা কীভাবে মৃত্যুহারকে প্রভাবিত করে? ২

গ) মামুনের গ্রামের লোকসংখ্যা কমে যাওয়া এবং বেকারত্ব কমে যাওয়ার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ) "মামুনের গ্রামে যে ঘটনা ঘটেছে এর মাধ্যমে একটি দেশের জনসংখ্যা কমানো যায়"-তোমার মতামত দাও। ৪